উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প

স্থানীয় সরকার বিভাগ

জনস্বাস্থ্য প্রকৌশল ভবন

১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা- ১০০০।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

Bangladesh

তারিখ: ২১/০৮/২০২৩ খ্রিঃ

স্মারক নং- ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৬).২০২৩- ৬২১

বিষয়ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৬ষ্ঠ পর্যায়) বাস্তবায়নের সম্মতি প্রদান প্রসঙ্গে

সূত্রঃ বোচাগঞ্জ উপজেলার স্মারক নং- ০৫.৫৫.২৭২১.০০০.১৫.০১৭.২০২১-৮৩৮(০৪); তারিখঃ ১৬/০৮/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য তাঁর উপজেলা হতে প্রেরিত নিম্নোক্ত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহের বিষয়ে সম্মতি প্রদান করা হল। বর্ণিত উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য নিম্নোক্ত পরিমাণ অর্থ ব্যয় করা যাবে। প্রকল্প বাস্তবায়ন শেষে বিল ও ভাউচারের কপি প্রাপ্তির পর নির্ধারিত নিয়ম অনুসরণে বরাদ্দকৃত অর্থ প্রকল্পের একাউন্ট হতে উপজেলা পরিষদের প্রকল্পের নামীয় একাউন্টে স্থানান্তর করা হবে।

| উপ-প্রকল্প নম্বর | উপ-প্রকল্পের শিরোনাম | অনুমোদিত বাজেট (ভ্যাট ও কর ব্যতীত) (টাকা) | ভ্যাট | আয়কর | অনুমোদিত বাজেট (ভ্যাট ও কর সহ) (টাকা) |
|---|---|---|---|---|---|
| INF-2021-22-552721-01 | ছাতইল ও রণগাঁও ইউনিয়নে রাস্তার পাশে স্ট্রিট লাইট সোলার প্যানেল স্থাপন | ১,৯৩৮,৫৭০.০০ | ১৬২,৪৫০.০০ | ৬৪,৯৮০.০০ | ২,১৬৬,০০০.০০ |
| INF-2021-22-552721-02 | বড় সুলতানপুর বালিকা উচ্চ বিদ্যালয় এবং আটগাঁও বালিকা উচ্চ বিদ্যালয়ে মহিলা শিক্ষিকা ও ছাত্রীদের জন্য ওয়াশরুক নির্মাণ | ১,৪০৪,৭৭৫.০০ | ১১৭,৭১৯.০০ | ৪৭,০৮৭.০০ | ১,৫৬৯,৫৮১.০০ |
| INF-2021-22-552721-03 | বোচাগঞ্জ মাধ্যমিক পর্যায়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নিচু বেঞ্চ সরবরাহ | ১,৬৫৩,১২০.০০ | ৩০২,৪০০.০০ | ৬০,৪৮০.০০ | ২,০১৬,০০০.০০ |
| | মোটঃ | ৪,৯৯৬,৪৬৫.০০ | ৫৮২,৫৬৯.০০ | ১৭২,৫৪৭.০০ | ৫,৭৫১,৫৮১.০০ |

কথায়ঃ সাতান্ন লক্ষ একান্ন হাজার পাঁচ শত একাশি টাকা মাত্র।

বরাদ্দকৃত অর্থ নিম্নে বর্ণিত শর্তাবলী যথাযথ অনুসরণ করে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল।

<u>প্রকল্প বাস্তবায়নের সময় অনুসরণীয় শর্তাবলীঃ</u>

- বরাদ্দকৃত অর্থ উপরোল্লিখিত উপ-প্রকল্প বাস্তবায়ন করার জন্য ব্যয় করতে হবে।
- পিপিআর-২০০৮ এবং সর্বশেষ প্রকাশিত সার্কুলার যথাযথভাবে অনুসরণ করে উপ-প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে।
- উপজেলা পরিষদের ক্রয় পরিকল্পনায় উপ-প্রকল্পগুলো অন্তর্ভুক্ত থাকতে হবে।
- ভ্যাট এবং কর ব্যতীত ৪,৯৯৬,৪৬৫.০০ (উনপঞ্চাশ লক্ষ ছিয়ানব্বই হাজার চার শত পঁয়ষট্টি) টাকার বেশি ব্যয় করা যাবে না। কিন্তু দরপত্র ডকুমেন্ট, কার্যাদেশ, চুক্তিনামা এবং বিল-ভাউচারে অবশ্যই ভ্যাট ও আয়করসহ মোট ব্যয় উল্লেখ থাকবে।
- উন্মুক্ত দরপত্র পদ্ধতি অনুসরণ করে ক্রয় প্রক্রিয়া সম্পাদন করতে হবে।
- দরপত্র আহ্বানের ক্ষেত্রে অবশ্যই পিপিআর-২০০৮ এ উল্লিখিত পদ্ধতি অনুসরণে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করতে হবে। যে সব উপজেলার ইজিপি চালু হয়েছে সে সব উপজেলায় ইজিপি-তে টেন্ডার আহ্বান করতে হবে।
- দরপত্র আহ্বান ও অন্যান্য খরচ নির্বাহের জন্য এডিপি গাইড লাইন অনুসরণে পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- নোটিফিকেশন অব এওয়ার্ড/কার্যাদেশ/চুক্তিনামায় মোট টাকা, ভ্যাট, আয়কর এবং নীট প্রদেয় টাকার পরিমাণ সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারিত ফরমেট এ চুক্তিনামা সম্পন্ন করতে হবে।
- উপ-প্রকল্প বাস্তবায়নকালীন সার্বক্ষণিক মনিটরিং ও সুপারভিশন অব্যাহত রাখতে হবে, যাতে করে প্রাক্কলন অনুযায়ী কাজের মান নিশ্চিত হয়।
- উপ-প্রকল্প বাস্তবায়ন শেষে সংশ্লিষ্ট দপ্তর এবং ইউডিএক কাজ সম্পাদন বিষয়ে প্রত্যয়ন প্রদান করবে।
- প্রতিটি প্রকল্প বাস্তবায়নের পূর্বে উক্ত স্থানের (অবকাঠামো) ভিডিও ও স্টিল পিকচার এবং কার্যক্রম শেষে ভিডিও ও স্টিল পিকচার সরবরাহ করতে হবে।

CamScanner